খ) অভিসার কাকে বলে? এ পর্যায়ের শ্রেষ্ঠ কবি কে? তোমার পাঠ্য 'কণ্টক গাড়ি'—পদটি বিশ্লেষণ করে এর সাহিত্যিক ও আধ্যাত্মিক তাৎপর্য নির্দেশ করো। ১০

গ) "ভারতচন্দ্র মঙ্গলকাব্য ধারার শেষ কবি হলেও বাংলা সাহিত্যের ইতিহাসে তাঁর একটি বিশেষ স্থান আছে"—এই মন্তব্যটির আলোকে ভারতচন্দ্রের কবি প্রতিভার পরিচয় দাও। ১০

ঘ) মাত্রাবৃত্ত ছন্দের সংজ্ঞা এবং প্রকারভেদ নির্দেশ করো। প্রসঙ্গত এই ছন্দের বৈশিষ্ট্যগুলি দৃষ্টান্তসহ আলোচনা করো। ১০

---





## ২০১৯

# বাংলা

(জেনেরিক ইলেকটিভ্)

(সি বি সি এস পদ্ধতি অনুযায়ী নতুন পাঠক্রম)

প্রথম সেমেস্টার

কোর্স কোড : BNGH-GE-T-I

(বাংলা সাহিত্যের ইতিহাস, ছন্দ, অলংকার, বৈষ্ণব পদাবলী ও মঙ্গলকাব্য)

পূর্ণমান : ৬০ সময় : ২ $\frac{১}{২}$ ঘণ্টা

*দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক।*

*প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা প্রয়োজন।*

১। যে-কোনো **দশটি** প্রশ্নের উত্তর দাও : ২×১০=২০

ক) চর্যাপদের প্রাপ্ত পুঁথিটিতে কয়টি পদ ছিল? চর্যার আদি কবি কে?

খ) 'শ্রীকৃষ্ণকীর্ত্তন' কাব্যটি কে আবিষ্কার করেন? কাব্যটির অপর কী নাম পাওয়া যায়?

গ) মনসামঙ্গলের কোন্ কবি 'সুকবি বল্লভ' উপাধিতে ভূষিত? তাঁর কাব্যটির নাম কী?

ঘ) 'নীরদ নয়নে'—পদটি কার রচনা, এটি কোন্ পর্যায়ের পদ?

ঙ) 'রায়গুণাকর' উপাধি ভারতচন্দ্রকে কে দেন? ভারতচন্দ্রের 'অন্নদামঙ্গল' কাব্যে উল্লিখিত দু'টি ঐতিহাসিক চরিত্রের নাম লেখো?

চ) উৎপ্রেক্ষা অলংকার কয়প্রকার ও কী কী?

ছ) দলবৃত্ত ছন্দের অপর নাম কী? এই ছন্দে মূল পর্বে কয় মাত্রা থাকে?

জ) চরণ কী? চরণের দৃষ্টান্ত দাও।

ঝ) রামপ্রসাদ কোন্ জাতীয় পদ রচনা করে বিখ্যাত হয়ে আছেন? তাঁর নিবাস কোথায় ছিল?

ঞ) বাংলা ভাষায় শ্রেষ্ঠ রামায়ণ অনুবাদকের নাম লেখো। প্রসঙ্গত আরও একজন রামায়ণ অনুবাদকের নাম লেখো।

ট) 'লাউসেন' ও 'মহামদ' — চরিত্র দু'টি কোন্ মঙ্গল কাব্যে পাওয়া যায়? ওই মঙ্গল কাব্যের একজন কবির নাম লেখো।

ঠ) 'মত্ত দাদুরি ডাকে ডাহুকী'

—পদাংশটির রচয়িতা কে? 'দাদুরি'—শব্দটির অর্থ লেখো।

ড) পর্ব বিভাজন করো :

গুরু গর্জনে নীল অরণ্য শিহরে
উতলা কলাপী কেকা কলরবে বিহরে—

ঢ) বৈষ্ণবীয় পঞ্চরসের মধ্যে শ্রেষ্ঠ রস কোন্‌টি? এই রসটির অপর নাম লেখো।



ণ) "যাদবেন্দ্রে সঙ্গে লইও
বাধা পানই হাতে থুইও"

—এখানে 'পানই' শব্দটির অর্থ কী? এটি কোন্ পর্যায়ের পদ?

২। যে-কোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও : ৫×৪=২০

ক) যে কোনো **দু'টি** অলংকারের সংজ্ঞা ও দৃষ্টান্ত দাও :

অনুপ্রাস, উপমা, বক্রোক্তি

খ) 'আমার শপতি লাগে'—পদটির কাব্যসৌন্দর্য বিচার করো।

গ) শাক্ত পদকর্তা কমলাকান্তের কবিসত্তার পরিচয় দাও।

ঘ) রামায়ণের অনুবাদকর্মে কবি কৃত্তিবাসের জনপ্রিয়তার কারণ নির্দেশ করো।

ঙ) 'প্রার্থনা' পর্যায়ের শ্রেষ্ঠ কবি কে? তোমার পাঠ্য একটি 'প্রার্থনা' পর্যায়ের ভাবসৌন্দর্য ব্যাখ্যা করো।

চ) ছন্দোলিপি নির্ণয় করো :

এই নে, তোকে দিলুম বাড়ি, নতুন খড়ে ছাওয়া
দিলুম আগরতলার শীতলপাটি।
কৃষ্ণাগাভীর দুগ্ধ দিলুম, বড্ড রকম মিঠে,
এবং সোঁদরবনের মধু, চোদ্দ আনা খাঁটি।

৩। যে-কোনো **দু'টি** প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

ক) চর্যাপদ-এর পুঁথি কে, কত সালে, কোথা থেকে আবিষ্কার করেন? বাংলা ভাষা ও সাহিত্যের ইতিহাসে চর্যাপদের গুরুত্ব নির্দেশ করো। ১০